

# অসম্পূর্ণ হিসাব

## Incomplete Records



### ভূমিকা

#### Introduction

আমরা জানি হিসাববিজ্ঞানের আধুনিক, পূর্ণাঙ্গ ও বিজ্ঞানসম্মত পদ্ধতি হলো দু'তরফা দাখিলা পদ্ধতি। কিন্তু কিছু প্রতিষ্ঠান প্রকৃতভাবে দু'তরফা দাখিলা পদ্ধতি প্রয়োগ ও অনুসরণ করে তাদের হিসাব সংরক্ষণ করে না। কম পুঁজির ছোট প্রতিষ্ঠানের মালিকগণ ব্যবসায়ের খরচ কমানোর উদ্দেশ্যে বা তাদের হিসাববিজ্ঞান সম্পর্কিত যথার্থ জ্ঞানের অভাবে নিজেদের পছন্দমত অসম্পূর্ণভাবে হিসাব সংরক্ষণ করে থাকে। অসম্পূর্ণ হিসাব পদ্ধতিকে একতরফা দাখিলা পদ্ধতি নামেও অভিহিত করা হয়। এ পদ্ধতিতে শুধুমাত্র ব্যক্তিবাহক হিসাবগুলো লেখা হয়, কিন্তু নামিক বা আয়-ব্যয়বাহক হিসাব ও সম্পত্তিবাহক হিসাব লেখা হয় না। ফলে এ ধরনের হিসাব থেকে পরিপূর্ণ ও সঠিক হিসাব তথ্য পাওয়া যায় না। অসম্পূর্ণ হিসাব পদ্ধতিতে অবস্থান্তরে কখনো কখনো লেনদেনের দ্বৈতসত্তা স্বীকার করা হয়, কখনো কখনো আংশিক স্বীকার করা হয় আবার কখনো মোটেই স্বীকার করা হয় না। তাই এ পদ্ধতিকে দু'তরফা, একতরফা ও অদাখিলা বা বিনা দাখিলার সংমিশ্রণও বলা হয়ে থাকে। শিক্ষার্থী বন্ধুরা, এ ইউনিটে আমরা অসম্পূর্ণ হিসাব পদ্ধতির সংজ্ঞা, প্রয়োগক্ষেত্র, সীমাবদ্ধতা সম্পর্কে আলোচনা করবো। এছাড়া, একতরফা দাখিলা পদ্ধতিতে কিভাবে প্রতিষ্ঠানের আর্থিক বিবরণীসমূহ তৈরি করা হয় এবং একতরফা দাখিলা পদ্ধতিকে কিভাবে দু'তরফা দাখিলা পদ্ধতিতে রূপান্তর করা হয়, তা প্রদর্শন করা হবে।



ইউনিট সমাপ্তির সময়

ইউনিট সমাপ্তির সর্বোচ্চ সময় ২ সপ্তাহ

#### এই ইউনিটের পাঠসমূহ

পাঠ-১.১ : অসম্পূর্ণ হিসাবের পরিচিতি।

পাঠ-১.২ : একতরফা দাখিলা পদ্ধতিতে লাভ-লোকসান নির্ণয়।

পাঠ-১.৩ : একতরফা দাখিলা পদ্ধতিতে আর্থিক অবস্থা বিবরণী প্রস্তুতের নিয়ম।

পাঠ-১.৪ : একতরফা দাখিলা পদ্ধতিকে দু'তরফা দাখিলা পদ্ধতিতে রূপান্তর।

পাঠ-১.৫ : গাণিতিক সমস্যাবলী ও সমাধানসমূহ।



মূখ্য শব্দ

অসম্পূর্ণ হিসাব, ব্যক্তিবাহক হিসাব, নামিক হিসাব, সম্পত্তিবাহক হিসাব, একতরফা দাখিলা, দু'তরফা দাখিলা, বিনা দাখিলা।

## পাঠ-১.১

## অসম্পূর্ণ হিসাবের পরিচিতি

## Introduction on Incomplete Records



## উদ্দেশ্য

## এ পাঠ শেষে আপনি

- অসম্পূর্ণ হিসাব কী তা বলতে পারবেন।
- একতরফা দাখিলা পদ্ধতি কী তা বলতে পারবেন।
- একতরফা দাখিলা পদ্ধতির প্রয়োগ ক্ষেত্রগুলো ব্যাখ্যা করতে পারবেন।
- একতরফা দাখিলা পদ্ধতির সীমাবদ্ধতাগুলো বর্ণনা করতে পারবেন।



## অসম্পূর্ণ হিসাবের সংজ্ঞা

## Definition of incomplete records

অসম্পূর্ণ হিসাব পদ্ধতি হিসাববিজ্ঞানের এমন একটি পদ্ধতি যেখানে দু'তরফা দাখিলা পদ্ধতির মূলনীতিগুলো পুরোপুরি অনুসরণ না করে অবৈজ্ঞানিক, বিশৃঙ্খল ও অসম্পূর্ণভাবে হিসাব প্রস্তুত করা হয়। এ ধরনের হিসাব সংরক্ষণের কোনো সুনির্দিষ্ট কৌশল বা পদ্ধতি নেই। মূলত এটি দু'তরফা দাখিলা, এক তরফা দাখিলা ও অ-দাখিলা বা বিনা তরফার সংমিশ্রণ। এক তরফা দাখিলা পদ্ধতিকে আধুনিক কালে অসম্পূর্ণ হিসাব বলা হয়। এ পদ্ধতিতে শুধুমাত্র ব্যক্তিবাচক হিসাবগুলো (Personal Accounts) লেখা হয়, কিন্তু সম্পত্তিবাচক হিসাব (Real or Property Accounts) এবং নামিক হিসাবগুলো (Nominal Accounts) লেখা হয় না। ফলে এ হিসাব থেকে পুরোপুরি ও সঠিক হিসাব তথ্য পাওয়া যায় না। হিসাববিজ্ঞানের এ পদ্ধতিটি যেহেতু অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও অনেকাংশে অনুমাননির্ভর সেহেতু আধুনিক হিসাববিজ্ঞানীরা এর নাম দিয়েছেন অসম্পূর্ণ হিসাব।

## একতরফা দাখিলা পদ্ধতির সংজ্ঞা

## Definition of single entry system

সাধারণভাবে যে হিসাব ব্যবস্থা দু'তরফা দাখিলা পদ্ধতির মূলনীতি মেনে চলে না, তাকে একতরফা দাখিলা পদ্ধতি বলে। অন্যভাবে বলা যায়, যে হিসাব ব্যবস্থায় দু'তরফা দাখিলা পদ্ধতির নিয়মনীতি সঠিক ও সম্পূর্ণভাবে প্রয়োগ না করে অবৈজ্ঞানিক, অনুমাননির্ভর, বিশৃঙ্খলভাবে হিসাব লিপিবদ্ধ করা হয়, তাকে একতরফা দাখিলা পদ্ধতি বলে। এ পদ্ধতি একটি ত্রুটিপূর্ণ, অসম্পূর্ণ, অনুমানভিত্তিক ও অবৈজ্ঞানিক পদ্ধতি। একতরফা দাখিলা পদ্ধতিতে কোনো কোনো লেনদেনের দু'টি পক্ষ হিসাব বইতে লিপিবদ্ধ করা হয়। আবার কোনো কোনো লেনদেনের কোনো পক্ষই লিপিবদ্ধ করা হয় না।

Professor William Pickles এর মতে “The method goes by the name of single entry is nothing but an admixture of single entry, double entry and no entry”. অর্থাৎ একতরফা দাখিলা পদ্ধতি নামে প্রচলিত পদ্ধতি একতরফা, দু'তরফা এবং বিনা তরফার সংমিশ্রণ ছাড়া আর কিছুই নয়।

Professor J. R. Batliboi এর মতে “In fact single entry is not any particular system of book-keeping but rather the double entry system is an incomplete and disjointed form”. অর্থাৎ প্রকৃতপক্ষে একতরফা দাখিলা পদ্ধতি হিসাবরক্ষণের কোনো বিশেষ পদ্ধতি নয় বরং দু'তরফা দাখিলা পদ্ধতির একটি অসম্পূর্ণ ও বিশৃঙ্খল রূপ মাত্র।

উপসংহারে বলা যায়, একতরফা দাখিলা পদ্ধতি এমন একটি অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, অশুদ্ধ ও মিশ্র পদ্ধতি, যেখানে লেনদেন সম্পূর্ণভাবে লিপিবদ্ধ না করে কেবলমাত্র ব্যক্তিবাচক হিসাব ও নগদান হিসাব লেখা হয়। এটি একাধিক হিসাব পদ্ধতির সংমিশ্রণ সম্বলিত অপরিপক্ব দৃষ্ণীয়, অগ্রহণযোগ্য এবং হিসাববিজ্ঞান নীতি বহির্ভূত তথাকথিত একটি হিসাব ব্যবস্থার নামান্তর মাত্র।

### একতরফা দাখিলা পদ্ধতির প্রয়োগক্ষেত্র

#### Fields of single entry system

একতরফা দাখিলা পদ্ধতি একটি অনির্ভরযোগ্য পদ্ধতি হওয়া সত্ত্বেও ছোট ব্যবসায়ী প্রতিষ্ঠান যাদের কম পুঁজি, আর্থিক অবস্থা স্বচ্ছল নয় এবং বেশিরভাগ লেনদেন নগদে করে থাকে, সেসব প্রতিষ্ঠানে এ পদ্ধতি প্রয়োগ করা হয়। যেমন: রেস্টুরেন্ট, হোটেল, মোটেল, মুদি দোকান, কাপড়ের দোকান, টেইলরিং এর দোকান, ফলের দোকান প্রভৃতি। নিম্নে এ পদ্ধতির প্রধান প্রয়োগ ক্ষেত্রগুলো উল্লেখ করা হলো:

১. **কম পুঁজির ব্যবসায়:** যে সব ব্যবসাতে অধিক মূলধন বিনিয়োগ করার প্রয়োজন হয় না, সে সব প্রতিষ্ঠানে এক তরফা দাখিলা পদ্ধতি প্রয়োগ করা হয়। যেমন: মুদি দোকান, টেইলরিং এর দোকান, ফলের দোকান প্রভৃতি।
২. **পণ্যের মালিকানা ও স্থায়িত্বকাল:** যে সব পণ্যের স্থায়িত্বকাল কম এবং একক মালিকানাধীন সে সব পণ্যের হিসাব সংরক্ষণের ক্ষেত্রে এ পদ্ধতি প্রয়োগ করা হয়। যেমন: সবজির দোকান, মাছের দোকান, ফলের দোকান প্রভৃতি।
৩. **কম ব্যয় বরাদ্দ:** যে সব প্রতিষ্ঠানে হিসাবরক্ষণের জন্য ব্যয় বরাদ্দ কম, তাদের ক্ষেত্রে এ পদ্ধতি প্রয়োগ করা হয়।
৪. **কারবারের আয়তন ও যোগাযোগ ব্যবস্থা:** যে সব প্রতিষ্ঠানের আয়তন অতি ছোট এবং খরিদারের সাথে মালিকের প্রত্যক্ষ যোগাযোগ থাকে, সে সব প্রতিষ্ঠানের ক্ষেত্রে এ পদ্ধতি প্রয়োগ করা যায়। যেমন: মুদি দোকান, ফলের দোকান, চায়ের দোকান ইত্যাদি।
৫. **লেনদেনের ধরণ:** যে সব প্রতিষ্ঠানে নগদ লেনদেনের পরিমাণ বেশী, সে সব এক মালিকানা ও অংশীদারি কারবারের ক্ষেত্রে এ পদ্ধতি প্রয়োগ করা হয়।

### একতরফা দাখিলা পদ্ধতির সীমাবদ্ধতা

#### Limitations of single entry system

একতরফা দাখিলা পদ্ধতি এমন একটি মিশ্র হিসাব ব্যবস্থা, যেখানে একই সাথে দু'তরফা দাখিলা পদ্ধতি ও একতরফা দাখিলা পদ্ধতি অনুসরণ করা হয়। এ পদ্ধতির কিছু সীমাবদ্ধতা নিম্নে উল্লেখ করা হলো:

১. **অসম্পূর্ণ ও অবৈজ্ঞানিক পদ্ধতি:** এক তরফা দাখিলা একটি অসম্পূর্ণ ও অবৈজ্ঞানিক হিসাব পদ্ধতি। ফলে এ পদ্ধতিতে রক্ষিত হিসাব থেকে পরিপূর্ণ ও নির্ভরযোগ্য তথ্য পাওয়া যায় না।
২. **প্রকৃত আর্থিক ফলাফল:** এক তরফা দাখিলা পদ্ধতিতে আয়-ব্যয় সংক্রান্ত পৃথক হিসাব রাখা হয় না বলে প্রকৃত লাভ-লোকসান নির্ণয় করা যায় না।
৩. **নির্ভর যোগ্য আর্থিক চিত্র:** এক তরফা দাখিলা পদ্ধতিতে সম্পত্তি ও দায়ের হিসাব প্রায়ই রাখা হয় না বলে নির্দিষ্ট সময় শেষে প্রতিষ্ঠানের সঠিক ও নির্ভরযোগ্য আর্থিক চিত্র পাওয়া যায় না।
৪. **গাণিতিক বিশুদ্ধতা যাচাই:** এক তরফা দাখিলা পদ্ধতিতে প্রতিটি লেনদেনের দ্বৈত সত্ত্বাকে লিপিবদ্ধ করা হয় না বলে রেওয়ামিল প্রস্তুত করে হিসাবের গাণিতিক সঠিকতা যাচাই করা যায় না।
৫. **ব্যয় নিয়ন্ত্রণ:** এ পদ্ধতিতে প্রতিষ্ঠানের ব্যয় সংক্রান্ত পৃথক হিসাব রাখা হয় না বলে কোন খাতে কত খরচ হয়েছে তা জানা যায় না। যার ফলে ব্যয় নিয়ন্ত্রণ সম্ভব হয় না।
৬. **তুলনামূলক বিচার বিশ্লেষণ:** এ পদ্ধতিতে প্রয়োজনীয় সকল তথ্য পাওয়া যায় না বলে বিগত হিসাবকালের সাথে বর্তমান সময়ের তুলনামূলক বিচার বিশ্লেষণ সম্ভব হয় না।
৭. **আন্তর্জাতিক স্বীকৃতি:** এ পদ্ধতির কোন আন্তর্জাতিক স্বীকৃতি নেই। তাই এ পদ্ধতিতে রক্ষিত হিসাব আন্তর্জাতিক ভাবে গ্রহণযোগ্য হয় না।
৮. **প্রয়োগের সীমাবদ্ধতা:** বড় প্রতিষ্ঠান কিংবা সরকারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে এ পদ্ধতি প্রয়োগ করা হয় না।
৯. **গ্রহণযোগ্যতা:** ব্যাংক, আয়কর কর্তৃপক্ষ, ঋণদানকারী প্রতিষ্ঠান প্রভৃতির কাছে এ পদ্ধতির গ্রহণযোগ্যতা কম।
১০. **জালিয়াতি ও ভুলের সম্ভাবনা:** এ পদ্ধতি অসম্পূর্ণ ও বিশৃঙ্খল বলে জালিয়াতি ও ভুলের সম্ভাবনা বেশী থাকে।



#### সারসংক্ষেপ :

একতরফা দাখিলা পদ্ধতিতে কোনো কোনো লেনদেনের দু'টি পক্ষ হিসাব বইতে লিপিবদ্ধ করা হয়। আবার কোনো কোনো লেনদেনের কোনো পক্ষই লিপিবদ্ধ করা হয় না। এটি একটি মিশ্র হিসাব ব্যবস্থা। ছোট প্রতিষ্ঠানগুলো এ পদ্ধতিতে হিসাব সংরক্ষণ করে। এ পদ্ধতিতে প্রকৃত লাভ-লোকসান নির্ণয় করা যায় না।

## পাঠ-১.২

## একতরফা দাখিলা পদ্ধতিতে লাভ-লোকসান নির্ণয়

## Ascertainment of Profit and Loss under Single Entry System



## উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি

- একতরফা দাখিলা পদ্ধতিতে প্রতিষ্ঠানের লাভ-লোকসান নির্ণয়ের সূত্র বলতে পারবেন।
- একতরফা দাখিলা পদ্ধতিতে প্রতিষ্ঠানের লাভ-লোকসান নির্ণয়ের নমুনা ছক বর্ণনা করতে পারবেন।



## একতরফা দাখিলা পদ্ধতিতে লাভ লোকসান নির্ণয়

## Ascertainment of profit-loss under single entry system

একতরফা দাখিলা পদ্ধতি যেহেতু একটি অসম্পূর্ণ বা অবৈজ্ঞানিক হিসাব পদ্ধতি, সেহেতু দু'তরফা দাখিলা পদ্ধতির ন্যায় আয় বিবরণী (Income Statement) প্রস্তুত করে প্রতিষ্ঠানের লাভ বা ক্ষতি নির্ণয় করা হয় না। বিশেষ করে খাঁটি একতরফা দাখিলা পদ্ধতিতে নামিক হিসাবসমূহ রাখা হয় না বলে আয় বিবরণী প্রস্তুতের মাধ্যমে লাভ বা ক্ষতি নির্ণয় করা সম্ভব হয় না। এ ক্ষেত্রে প্রারম্ভিক ও সমাপনী মূলধনের মধ্যে তুলনা করে লাভ বা ক্ষতি নির্ণয় করা হয়। অর্থাৎ প্রারম্ভিক ও সমাপনী মূলধনের পার্থক্যই হলো লাভ বা ক্ষতি।

**প্রারম্ভিক ও সমাপনী মূলধন নির্ণয় (Calculation of opening and closing capital):** খাঁটি (Pure) একতরফা দাখিলা পদ্ধতিতে লাভ-ক্ষতি নির্ণয়ের জন্য প্রথমে সম্পত্তি থেকে দায়সমূহ বিয়োগ করে মূলধন নির্ণয় করতে হয়। এ ক্ষেত্রে প্রারম্ভিক সম্পত্তি থেকে প্রারম্ভিক দায় বিয়োগ করে প্রারম্ভিক মূলধন এবং সমাপনী সম্পত্তি থেকে সমাপনী দায় বিয়োগ করে সমাপনী মূলধন নির্ণয় করতে হয়। প্রারম্ভিক মূলধন দেয়া থাকলে শুধুমাত্র সমাপনী মূলধন নির্ণয় করতে হয়। প্রারম্ভিক মূলধন, সমাপনী মূলধন ও লাভ বা ক্ষতি নির্ণয়ের সূত্র নিম্নরূপ:

Opening Capital = Opening Assets – Opening Liabilities.

Closing Capital = Closing Assets – Closing Liabilities.

Profit/ Loss = (Closing Capital + Drawings + Interest on Drawings) – (Opening Capital + Further Capital + Other Expenses).

নিম্নে একতরফা দাখিলা পদ্ধতিতে প্রতিষ্ঠানের লাভ-লোকসান নির্ণয়ের বিবরণীর নমুনা ছক দেয়া হলো:

Name of the Concern: ----

Statement of Affairs

For Calculation of Capital

	Opening (Tk.)	Closing (Tk.)
<b>A. Assets:</b>		
Cash	XXX	XXX
Accounts Receivable	XXX	XXX
Notes Receivable	XXX	XXX
Inventory / Stock	XXX	XXX
Investments	XXX	XXX
Furniture	XXX	XXX
Plants & Machineries	XXX	XXX
Land & Buildings	XXX	XXX
Other Assets	XXX	XXX
<b>TOTAL ASSETS</b>	<b>XXXX</b>	<b>XXXX</b>

<b>B. Liabilities:</b>		
Accounts Payable	XXX	XXX
Notes Payable	XXX	XXX
Bank Overdrafts	XXX	XXX
Loans	XXX	XXX
Other Liabilities	XXX	XXX
<b>TOTAL LIABILITIES</b>	<b>XXX</b>	<b>XXX</b>
Capital (A – B)	XXXX	XXXX

Name of Concern.....  
Statement of Profit and Loss  
For the period ended.....

	Tk.	Tk.
Closing Capital	xxx	xxx
Add: Drawings:		
Cash	xxx	
Goods	<u>xxx</u>	
	xxx	
Interest on drawings	xxx	
Other income	xxx	
		xxx
Less:		
Opening Capital	xxx	
Further Capital	xxx	
Interest on Capital	xxx	
Depreciation	xxx	
Other expenses	xxx	
		xxx
<b>Net income / Loss</b>		<b>XXXX</b>



**সারসংক্ষেপ :**

খাঁটি একতরফা দাখিলা পদ্ধতিতে প্রারম্ভিক ও সমাপনী মূলধনের মধ্যে তুলনা করে লাভ বা ক্ষতি নির্ণয় করা। অর্থাৎ প্রারম্ভিক ও সমাপনী মূলধনের পার্থক্যই হলো লাভ বা ক্ষতি। প্রারম্ভিক সম্পত্তি থেকে প্রারম্ভিক দায় বাদ দিয়ে প্রারম্ভিক মূলধন এবং সমাপনী সম্পত্তি থেকে সমাপনী দায় বাদ দিয়ে সমাপনী মূলধন নির্ণয় করা হয়।

## পাঠ-১.৩

## একতরফা দাখিলা পদ্ধতিতে আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত

## Preparing of the Statement of Affairs under the Single Entry System



## উদ্দেশ্য

## এ পাঠ শেষে আপনি

- একতরফা দাখিলা পদ্ধতিতে প্রস্তুত আর্থিক অবস্থার বিবরণী সম্পর্কে বলতে পারবেন।
- একতরফা দাখিলা পদ্ধতিতে প্রতিষ্ঠানের আর্থিক অবস্থার বিবরণীর নমুনা ছক বর্ণনা করতে পারবেন।



## একতরফা দাখিলা পদ্ধতিতে আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত

## Preparing of the Statement of Affairs under Single Entry System

খাঁটি একতরফা দাখিলা পদ্ধতিতে লাভ-লোকসান বিবরণী প্রস্তুতের পর প্রতিষ্ঠানের সম্পত্তি ও দায় সম্পর্কে ধারণা লাভের জন্য আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করতে হয়। যেহেতু দু'তরফা দাখিলা পদ্ধতির ন্যায় এ পদ্ধতিতে রেওয়ামিল প্রস্তুত করা যায় না, তাই সম্পূর্ণ তথ্যও পাওয়া যায় না। এ ক্ষেত্রে নগদান বই থেকে নগদ ও ব্যাংক জমা, ক্রয় মূল্যের ভিত্তিতে সমাপনী মজুদ পণ্যের মূল্যায়ন, স্থায়ী সম্পত্তির মূল্য অনেকটা স্মৃতিশক্তি ও চালান থেকে, প্রাপ্য হিসাব ও তাদের হিসাবের জের ব্যক্তিব্যচক হিসাব থেকে সংগ্রহ করতে হয়।

নিম্নে এক তরফা পদ্ধতিতে আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুতের একটি নমুনা ছক উল্লেখ করা হলো:

Name of the Concern: .....

Statement of Affairs

As on.....

	Tk.	Tk.
<b>Assets:</b>		
Cash		XXX
Accounts Receivable	XXX	
(-) Allowance for Bad & Doubtful Debts	XXX	
Notes Receivable		XXX
Ending Inventories		XXX
Investments		XXX
Furniture	XXX	
(-) Accumulated Depreciation	XXX	
Plants & Machineries	XXX	
(-) Accumulated Depreciation	XXX	
Delivery Vans	XXX	
(-) Accumulated Depreciation	XXX	
Buildings	XXX	
(-) Accumulated Depreciation	XXX	
Freehold Properties	XXX	
(-) Accumulated Depreciation	XXX	
		XXX
<b>Total Assets</b>		<b>XXXX</b>

<b>Liabilities &amp; Owner's equity:</b>		
<b>Liabilities:</b>		
Accounts Payable	xxx	xxx
Notes Payable	xxx	
Bank Overdrafts	xxx	
Loans	xxx	
Expenses Payable	xxx	
<b>Total Liabilities</b>		
<b>Owner's Equity:</b>		
Opening Capital	xxx	xxx
+ Further Capital	xxx	
+ Net Income	xxx	
+ Interest on Capital	xxx	
(-) Net Loss	xxx	
(-) Drawings	xxx	
<b>Total Liabilities &amp; Owner's Equity</b>		<b>xxxx</b>



### সারসংক্ষেপ :

এক তরফা দাখিলা পদ্ধতিতে সম্পত্তি ও দায়ের পূর্ণাঙ্গ হিসাব রাখা হয় না। তাই দু'তরফা দাখিলা পদ্ধতির ন্যায় রেওয়ামিল থেকে হিসাব তথ্যও পাওয়া যায় না। এক্ষেত্রে বিভিন্ন হিসাব থেকে তথ্য সংগ্রহ করা হয় এবং কিছুটা মালিকের স্মৃতিশক্তি থেকে কিংবা চালান থেকে তথ্য নিয়ে প্রতিষ্ঠানের সঠিক আর্থিক চিত্র জানার জন্য নির্দিষ্ট তারিখে সম্পত্তি ও দায়ের বিবরণী প্রস্তুত করা হয়।

## পাঠ-১.৪

## একতরফা দাখিলা পদ্ধতিকে দু'তরফা দাখিলা পদ্ধতিতে রূপান্তর Conversion of Single Entry System into Double Entry System



## উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি

- একতরফা দাখিলা পদ্ধতিতে রক্ষিত হিসাবকে দু'তরফা দাখিলায় রূপান্তরের প্রক্রিয়া বর্ণনা করতে পারবেন।
- প্রস্তুতকৃত হিসাবের নমুনা ছক বর্ণনা করতে পারবেন।



### একতরফা দাখিলা পদ্ধতিকে দু'তরফা দাখিলা পদ্ধতিতে রূপান্তর

#### Conversion of single entry system in to double entry system

কোনো প্রতিষ্ঠানের মালিক যদি মনে করেন হিসাবের গাণিতিক সঠিকতা যাচাই, লাভ-ক্ষতির নির্ভরযোগ্যতা বৃদ্ধি, সঠিক ও প্রকৃত আর্থিক অবস্থা নির্ণয়, যথাযথ তথ্য সরবরাহ প্রভৃতি উদ্দেশ্যে তার রক্ষিত একতরফা পদ্ধতিকে এখন দু'তরফায় রূপান্তর করবেন, তাহলে তাকে নিম্নের পদক্ষেপসমূহ গ্রহণ করতে হবে।

১. **প্রারম্ভিক উদ্বর্তপত্র প্রস্তুত:** প্রারম্ভিক উদ্বর্তপত্র প্রস্তুত করে প্রারম্ভিক মূলধন, প্রারম্ভিক নগদ কিংবা প্রারম্ভিক ব্যাংক জমাতিরিক্ত নির্ণয় করতে হবে।
২. **নগদান বই প্রস্তুত:** নগদান বই মিলানো না থাকলে নগদান বই তৈরি করে প্রারম্ভিক নগদ ও ব্যাংক জমা, সমাপনী নগদ বা ব্যাংক জমা, নগদ বিক্রয়, নগদ ক্রয়, উত্তোলন, প্রাপ্য হিসাব থেকে নগদ প্রাপ্তি, প্রদেয় হিসাবকে নগদ পরিশোধ, অতিরিক্ত মূলধন আনয়ন, বিবিধ খরচ, বিবিধ আয় প্রভৃতি এক বা একাধিক দফা নির্ণয় করতে হবে।

**এক্ষেত্রে, নগদান বই এর ডেবিট দিকে ঘাটতি হলে:**

- (ক) প্রথমে প্রারম্ভিক নগদ ধরতে হবে।
- (খ) প্রারম্ভিক নগদ দেয়া থাকলে নগদ বিক্রয় ধরতে হবে।
- (গ) প্রারম্ভিক নগদ ও নগদ বিক্রয় দেয়া থাকলে ব্যাংক জমাতিরিক্ত ধরতে হবে।
- (ঘ) সমাপনী নগদ ও ব্যাংক জমার জের দেয়া থাকলে অতিরিক্ত মূলধন ধরতে হবে।

**নগদান বই এর ক্রেডিট দিকে ঘাটতি হলে:**

- (ক) প্রথমে সমাপনী নগদ ধরতে হবে।
- (খ) সমাপনী নগদ দেয়া থাকলে নগদ ক্রয় ধরতে হবে।
- (গ) সমাপনী নগদ ও নগদ ক্রয় দেয়া থাকলে উত্তোলন ধরতে হবে।

৩. **প্রাপ্য নোট হিসাব তৈরী:** প্রারম্ভিক প্রাপ্য নোট, সমাপনী প্রাপ্য নোট, প্রাপ্য নোটের বিপরীতে নগদ আদায়, প্রাপ্য হিসাবের নিকট থেকে প্রাপ্ত প্রাপ্য নোট এরূপ যে কোনো অজ্ঞাত দফা নির্ণয়ের জন্য প্রাপ্য নোট হিসাব প্রস্তুত করা হয়।

প্রাপ্য নোট হিসাব প্রস্তুত করার একটি নমুনা নিম্নরূপ:

#### Notes Receivable

Account Titles	Tk.	Account Titles	Tk.
Balance (Opening)	xxx	Cash (Received against notes receivable)	xxx
Accounts Receivable (Notes received during the year from Accounts Receivable)	xxx	Accounts Receivable (notes receivable dishonoured)	xxx
		Notes receivable endorsed to accounts receivable	xxx
		Balance (Closing)	xxx
	XXXX		XXXX

৪. **প্রাপ্য হিসাব তৈরী:** প্রারম্ভিক প্রাপ্য হিসাব, সমাপনী প্রাপ্য হিসাব, ধারে বিক্রয়, প্রাপ্য হিসাব থেকে নগদ আদায় এর যে কোনো একটি অজ্ঞাত থাকলে প্রাপ্য হিসাব প্রস্তুত করে নির্ণয় করতে হয়।  
প্রাপ্য হিসাব তৈরির নমুনা ছক নিম্নরূপ:

**Accounts Receivable**

Account Titles	Tk.	Account Titles	Tk.
Balance (Opening)	xxx	Cash (Received against Accounts Receivables)	xxx
Credit Sales	xxx	Notes Receivable (Notes Received)	xxx
Notes Receivable (Notes Dishonoured)	xxx	Bad Debts Expense	xxx
		Sales Return	xxx
		Sales Discount	xxx
		Balance (Closing)	xxx
	XXXX		XXXX

৫. **প্রদেয় নোট হিসাব তৈরী:** প্রারম্ভিক প্রদেয় নোট, সমাপনী প্রদেয় নোট, প্রদেয় হিসাব বরাবরে নোট ইস্যু, প্রদেয় নোটের জন্য নগদ পরিশোধ প্রভৃতি দফাগুলো নির্ণয়ের জন্য প্রদেয় নোট হিসাব তৈরী করা হয়।  
প্রদেয় নোট হিসাবের নমুনা ছক নিম্নরূপ:

**Notes Payable**

Account Titles	Tk.	Account Titles	Tk.
Cash (Paid against notes receivables)	xxx	Balance (Opening)	xxx
Accounts Payable (notes payable dishonoured)	xxx	Accounts Payable (Notes issued to accounts payable during the period)	xxx
Balance (Closing)	xxx		
	XXXX		XXXX

৬. **প্রদেয় হিসাব তৈরী:** প্রারম্ভিক প্রদেয় হিসাব, সমাপনী প্রদেয় হিসাব, ধারে ক্রয়, প্রদেয় হিসাবকে নগদ পরিশোধ প্রভৃতি দফা নির্ণয়ের জন্য এই হিসাব প্রস্তুত করা হয়।  
প্রদেয় হিসাবের নমুনা ছক নিম্নরূপ:

**Accounts Payable**

Account Titles	Tk.	Account Titles	Tk.
Cash (Paid to Accounts Payable)	xxx	Balance (Opening)	xxx
Notes Payable (Notes issued during the year)	xxx	Credit Purchase	xxx
Purchase Discount & Return	xxx	Notes Payable (Notes dishonoured)	xxx
Balance (Closing)	xxx		
	XXXX		XXXX

**আয় বিবরণী****Income Statement**

প্রয়োজনীয় খসড়া হিসাব নিকাশ (Workings) মাধ্যমে আবশ্যিকীয় তথ্যাবলী প্রাপ্তির পর আয় বিবরণী প্রস্তুত করে প্রতিষ্ঠানের নির্দিষ্ট সময়ের লাভ বা লোকসান নির্ণয় করা হয়। আয় বিবরণীর একটি নমুনা ছক নিম্নে উল্লেখ করা হলো:

**Name of the Concern.....**  
**Income Statement**  
For the year ended.....

	Tk.	Tk.
Sales		xxx
(-) Cost of Goods Sold :		
Opening Inventories	xxx	
(+ ) Purchases	xxx	
(+ ) Direct expenses	xxx	
	xxx	
(-) Closing Inventories	xxx	xxx
<b>Gross Profit</b>		xxx
<b>(-) Operating Expenses :</b>		
Salaries expense	xxx	
Bad Debts expense	xxx	
Depreciation Expense	xxx	
Advertising Expense	xxx	xxx
<b>Operating Income</b>		xxx
(+) Other income/Non-Operating Income		xxx
		xxx
(-) Other expense/ Non-Operating Expenses :		xxx
<b>Net Income/ Net Loss</b>		<u>xxx</u>

**উদ্বর্তপত্র****Balance Sheet**

একটি নির্দিষ্ট তারিখে প্রতিষ্ঠানের যাবতীয় সম্পত্তি ও দায়-দেনা নিয়ে এটি প্রস্তুত করা হয়। উদ্বর্তপত্রের একটি নমুনা ছক নিম্নে উল্লেখ করা হলো:

**Name of the Concern....**  
**Balance Sheet**  
As at.....

	Tk.	Tk.
<b>Assets:</b>		
<b>Current Assets:</b>		
Cash in hand	xxx	
Accounts Receivable	xxx	
(-) Bad Debts Expense	<u>xxx</u>	
Ending Inventories		
Prepaid Expenses	xxx	
<b>Total Current Assets</b>		xxx
<b>Fixed Assets :</b>		
Furniture	xxx	
(-) Accumulated Depreciation	<u>xxx</u>	
Machineries	xxx	
(-) Accumulated Depreciation	<u>xxx</u>	
Buildings	xxx	
(-) Accumulated Depreciation	<u>xxx</u>	
<b>Total Fixed Assets</b>		xxx
<b>Total Assets</b>		<u>xxx</u>

<b>Liabilities &amp; Owner's Equity</b>		
<b>Current Liabilities :</b>		
Accounts Payable	XXX	
Expense payables	XXX	
Notes payable	XXX	
Total Current liabilities		XXX
<b>Long-term Liabilities:</b>		
Bank Loan		XXX
<b>Total Liabilities</b>		XXX
<b>Owner's Equity</b>		
Capital	XXX	
(+) Net income	XXX	
	XXX	
(-) Drawings	XXX	XXX
<b>Total Liabilities &amp; Owner's Equity</b>		<u>XXX</u>



### সারসংক্ষেপ :

একতরফা দাখিলা পদ্ধতিতে রক্ষিত হিসাবের সীমাবদ্ধতা দূর করার জন্য প্রতিষ্ঠানের মালিক ইচ্ছা করলে তার রক্ষিত একতরফা পদ্ধতির হিসাবকে দু'তরফায় রূপান্তর করতে পারেন। এক্ষেত্রে তাকে প্রথমে অনুপস্থিত (Missing) দফাগুলো নির্ণয়ের জন্য মূলধন হিসাব, নগদান হিসাব, প্রাপ্য নোট হিসাব, প্রাপ্য হিসাব, প্রদেয় নোট হিসাব, প্রদেয় হিসাব ইত্যাদি প্রস্তুত করে তথ্যগুলো সংগ্রহ করতে হয়। অতঃপর আয় বিবরণী ও উদ্বর্তপত্র প্রস্তুত করে নীট লাভ বা ক্ষতি ও প্রতিষ্ঠানের সঠিক ও পূর্ণাঙ্গ আর্থিক অবস্থা নির্ণয় করতে হয়।

## পাঠ-১.৫

গাণিতিক সমস্যাবলী ও সমাধানসমূহ  
Mathematical Problems and Solutions

## উদ্দেশ্য

এ পাঠ শেষে আপনি

- একতরফা দাখিলা পদ্ধতির গাণিতিক সমস্যাবলী সমাধান করতে পারবেন।



## গাণিতিক সমস্যাবলী ও এর সমাধান

## Mathematical Problems and Solutions

**Example-1:** Selim keeps his books under single entry system. From the following information, you are required to prepare a Statement of Profit and Loss for the year ended 31 Dec, 2020 and a Statement of Affairs as at that date.

	<u>1 January, 2020</u>	<u>31 December, 2020</u>
Cash in hand .....	2,000	3,000
Bank balance .....	5,000	7,500 (Cr.)
Notes Payable .....	1,800	1,200
Accounts Receivable .....	18,000	27,000
Inventories .....	17,000	22,000
Accounts Payable .....	8,500	10,500
Notes Receivable .....	1,500	1,000
Furniture .....	4,000	4,000
Buildings .....	30,000	30,000

During the year, Mr. Selim withdrew Tk. 6,000. From this withdrawal amount Tk. 3,500 were spent by him for purchasing a Motor van for the business. But, in December, due to difficulty for collecting the money from customers, he introduced Tk. 15,000 as additional capital. Tk. 500 irrecoverable and maintain 5% allowance for bad & doubtful debts on remaining accounts receivable. Depreciation charged on buildings by 5% and on furniture by 10%.

**Solution:**

**Mr. Selim**  
**Statement of Affairs**  
**(For Calculation of Opening and Closing Capital)**

Assets	Opening	Closing	Liabilities	Opening	Closing
Cash in hand	2,000	3,000	Bank overdraft	-	7,500
Bank balance	5,000	-	Accounts Payable	8,500	10,500
Inventories	17,000	22,000	Notes Payable	1,800	1,200
Accounts Receivable	18,000	27,000	Capital (Balancing Figure)	67,200	71,300
Notes Receivable	1,500	1,000			
Buildings	30,000	30,000			
Furniture	4,000	4,000			
Motor van		3,500			
	<u>77,500</u>	<u>90,500</u>		<u>77,500</u>	<u>90,500</u>

**Mr. Selim**  
**Statement of Profit and Loss**  
**For the year ended 31 December, 2020**

	Tk.	Tk.
Closing Capital .....		71,300
(+) Drawings (6,000 – 3,500) .....		2,500
		73,800
(-) Opening Capital .....	67,200	
Additional Capital .....	15,000	
Bad Debts .....	500	
(+) Allowance for Bad & Doubtful Debts.....	1,325	1,825
Depreciation:		
Furniture .....	400	
Buildings .....	1,500	1,900
		(85,925)
<b>Net Loss</b>		<b><u>(12,125)</u></b>

**Mr. Selim**  
**Statement of Affairs**  
**As at 31 December, 2020**

	Tk.	Tk.
<b>Assets :</b>		
Cash in hand .....		3,000
Inventories .....		22,000
Accounts Receivable .....	27,000	
(-) Bad Debts Expenses .....	500	
	26,500	
(-) Provision for Bad & Doubtful Debts .....	1,325	25,175
Notes Receivable .....		1,000
Buildings .....	30,000	
(-) Depreciation 5% .....	1,500	28,500
Furniture .....	4,000	
(-) Depreciation 10% .....	400	3,600
Motor van .....		3,500
<b>Total Assets</b>		<b><u>86,775</u></b>
<b>Liabilities &amp; Owner's Equity :</b>		
<b>Liabilities</b>		
Accounts Payable .....		10,500
Notes Payable .....		1,200
Bank Overdraft .....		7,500
<b>Owner's Equity</b>		
Opening Capital .....	67,200	
(+) Further Capital .....	15,000	
	82,200	
(-) Net Loss .....	12,125	
	70,075	
(-) Drawings .....	2,500	67,575
<b>Total Liabilities &amp; Owner's Equity .....</b>		<b><u>86,775</u></b>

**Example- 2:** Mr. Rajib keeps his books of accounts under single entry system. On 31 December, 2020, his assets and liabilities were as follows:

Assets	Taka	Liabilities	Taka
Cash	5,000	Accounts payable	18,000
Notes Receivable	12,000	Notes payable	9,000
Stocks	17,000	Bank overdraft	7,000
Accounts Receivable	23,000		
Furniture	10,000		
10% Investments (1.4.2020)	12,000		

On 1 January, 2020 Mr Rajib's capital was 30,000. He withdrew Tk. 750 per month throughout the year and had taken goods worth Tk. 1,500 from business for his personal use. He decided to depreciate furniture by 5% and to create a provision for bad & doubtful debts at 10% on accounts receivable and to allow interest @ 7.5% p.a. on capital.

**Prepare:**

- A Statement of Profit and Loss for the year ended 31 December, 2020.
- A Statement of Affairs as at that date.

**Solution:**

**Mr. Rajib**  
**Statement of Affairs**  
**(For calculation of Closing Capital)**

Assets	Tk.	Liabilities	Tk.
Cash	5,000	Accounts Payable	18,000
Notes Receivable	12,000	Notes Payable	9,000
Stocks	17,000	Bank overdraft	7,000
Accounts Receivable	23,000	Closing capital (Balancing figure)	45,000
Furniture	10,000		
10% Investments	12,000		
	<u>79,000</u>		<u>79,000</u>

**Mr. Rajib**  
**Statement of Profit and Loss**  
**For the year ended 31 December, 2020**

	Taka	Taka
Closing Capital .....		45,000
<b>Add: Drawings:</b>		
Cash (750×12) .....	9,000	
Goods .....	1,500	10,500
Interest on Investments .....		900
		56,400
<b>Less:</b>		
Opening Capital .....	30,000	
Interest on Capital .....	2,250	
Depreciation on furniture .....	500	
Allowance for bad & doubtful debts .....	2,300	35,050
<b>Net Profit</b> .....		<u>21,350</u>

**Mr. Rajib**  
**Statement of Affairs**  
**As at 31 December, 2020**

<b>Assets :</b>	<b>Tk.</b>	<b>Tk.</b>
Cash .....		5,000
Notes Receivable .....		12,000
Stocks .....		17,000
Accounts Receivable .....	23,000	
(-) Allowance for doubtful debts .....	2,300	20,700
10% Investment .....	12,000	
(+) Interest accrued .....	900	12,900
Furniture .....	10,000	
(-) Depreciation 5%	500	9,500
<b>Total Assets</b>		<u>77,100</u>
<b>Liabilities and Owner's Equity :</b>		
<b>Liabilities:</b>		
Accounts Payable .....		18,000
Notes Payable .....		9,000
Bank Overdraft .....		7,000
<b>Owner's Equity:</b>		
Opening Capital .....	30,000	
(+) Net profit .....	21,350	
(+) Interest on capital .....	2,250	
(-) Drawings (9,000+1,500) .....	(10,500)	43,100
<b>Total Liabilities and Owner's Equity ....</b>		<u>77,100</u>

**Example-3:** Mr. Alam keeps his books by single entry system gives you the following information for the year 2020:

**Mr. Alam**  
**Summary of Cash Book**

<b>Receipts</b>	<b>Tk.</b>	<b>Payments</b>	<b>Tk.</b>
Bank balance	4,200	Accounts payable	27,100
Accounts receivable	38,400	Drawings	7,400
Notes receivable	12,000	Notes payable	9,300
Commission income	1,500	Wages expense	12,000
Cash sales	8,600	Salaries expense	6,500
Balance c/d	3,300	Rent and taxes expenses	4,400
		Insurance expenses	800
		Advertising expenses	300
		Supplies expense	200
	<u>68,000</u>		<u>68,000</u>

Other assets and liabilities are as follows :

	<u>January 1, 2020</u>	<u>December 31, 2020</u>
Inventories .....	18,700	23,400
Accounts receivable .....	12,000	14,000
Accounts payable .....	9,000	1,500
Notes receivable .....	4,000	5,000
Notes payable .....	1,000	200
Furniture .....	5,000	
Buildings .....	15,000	

A provision of Tk. 1,450 is required for doubtful debts and depreciate at 5% on furniture and buildings. Outstanding Tk. 3,000 for wages and Tk. 1,500 for salaries. Insurance has been prepaid to extent of Tk. 250 and legal expenses are outstanding to the extent to Tk. 700.

From the above particulars prepare an Income Statement for the year ended 31 December, 2020 and a Balance Sheet as on that date.

**Solution:**

**Workings:**

**1. To find out opening capital:**

**Balance Sheet**  
**As at 1 January, 2020**

Assets	Tk.	Liabilities	Tk.
Bank balance	4,200	Accounts payable	9,000
Inventories	18,700	Notes payable	1,000
Accounts receivable	12,000	Opening capital (Balancing figure)	48,900
Notes receivable	4,000		
Furniture	5,000		
Buildings	15,000		
	<u>58,900</u>		<u>58,900</u>

**2. To find out notes received from accounts receivable:**

**Notes Receivable**

Accounts Titles	Tk.	Accounts Titles	Tk.
Balance b/d	4,000	Cash	12,000
Accounts receivable (Notes received during the year)	13,000	Balance c/d	5,000
	<u>17,000</u>		<u>17,000</u>

**3. To find out credit sales:**

**Accounts Receivable**

Accounts Titles	Tk.	Accounts Titles	Tk.
Balance B/d	12,000	Cash received	38,400
Credit sales (b/f)	53,400	Notes receivable	13,000
	<u>65,400</u>	Balance c/d	14,000
			<u>65,400</u>

**4. To find out notes issued to accounts payable during the year:****Notes Payable**

Accounts Titles	Tk.	Accounts Titles	Tk.
Cash paid	9,300	Balance b/d	1,000
Balance c/d	200	Accounts payable (Notes issued)	8,500
	<u>9,500</u>		<u>9,500</u>

**5. To find out credit purchases:****Accounts Payable**

Accounts Titles	Tk.	Accounts Titles	Tk.
Cash paid	27,100	Balance b/d	9,000
Notes payable (Notes issued)	8,500	Credit purchases (b/f)	28,100
Balance c/d	1,500		
	<u>37,100</u>		<u>37,100</u>

**Mr Alam****Income Statement****For the year ended 31 December, 2020**

	Tk.	Tk.
Sales (8,600+53,400) .....		62,000
<b>Costs of Goods Sold :</b>		
Beginning inventories .....	18,700	
Purchases.....	28,100	
Wages expense (12,000+3,000) .....	15,000	
	61,800	
(-) Ending inventories .....	23,400	38,400
<b>Gross Profit</b> .....		23,600
<b>Operating Expenses :</b>		
Salaries expense (6,500+1,500) .....	8,000	
Rent and tax expenses .....	4,400	
Insurance expense (800-250) .....	550	
Supplies expense .....	200	
Advertising expenses .....	300	
Legal expenses .....	700	
Provision for doubtful debts .....	1,450	
Depreciation expenses:		
Furniture .....	250	
Buildings .....	750	16,600
Operating income .....		7,000
<b>Other Income :</b>		
Commission income .....		1,500
<b>Net Income</b>		<u>8,500</u>

**Mr. Alam**  
**Balance Sheet**  
As at 31 December, 2020

	Tk.	Tk.
<b><u>Assets</u></b>		
<b>Current Assets:</b>		
Accounts receivable .....	14,000	
(-) Provision .....	1,450	12,550
Ending Inventories .....		23,400
Notes receivable .....		5,000
Prepaid insurance .....		250
Total Current Assets .....		41,200
<b>Fixed Assets:</b>		
Furniture .....	5,000	
(-) Accumulated depreciation .....	250	4,750
Building .....	15,000	
(-) Accumulated depreciation .....	750	14,250
Total Fixed Assets .....		19,000
<b>Total Assets</b>		<b><u>60,200</u></b>
<b>Liabilities &amp; Owner's Equity :</b>		
<b>Current Liabilities :</b>		
Bank overdraft .....		3,300
Accounts payable .....		1,500
Notes payable .....		200
Wages payable .....		3,000
Salaries payable .....		1,500
Legal expenses .....		700
Total Current Liabilities .....		10,200
<b>Owner's Equity :</b>		
Opening capital .....		48,900
(+ ) Net Income .....		8,500
		57,400
(-) Drawings .....		7,400
Total Owner's Equity .....		50,000
<b>Total Liabilities &amp; Owner's Equity</b>		<b><u>60,200</u></b>

**Example- 4:** The Balance Sheet of Janata Traders as on 1<sup>st</sup> January, 2020 was as follows:

Assets	Tk.	Liabilities	Tk.
Fixed assets	50,000	Capital	1,50,000
Inventories	75,000	Loan	7,000
Accounts Receivable	25,000	Accounts payable	18,000
Cash	25,000		
	<u>1,75,000</u>		<u>1,75,000</u>

You are given the following further information:

- During 2020, payment to accounts payable was Tk. 1,88,000.
- During 2020, received from accounts receivable was Tk. 2,60,000.
- Closing inventories were valued at Tk. 80,000.
- Proprietor withdrew Tk. 1,000 every month in cash.
- In 2020, other expenses incurred in cash Tk. 40,000.
- 10% depreciation is to be charged on fixed assets.
- Accounts receivable and accounts payable as at 31 December, 2020 were 40,000 and Tk. 30,000 respectively.
- Half of the loan was repaid during the year. Prepare Income Statement for the year ended 31 December, 2020 and a Balance Sheet as on that date.

**Solution:**

**Working:**

### 1. Calculation of closing cash balance

#### Cash Book

Receipts	Tk.	Payment	Tk.
Balance (opening)	25,000	Accounts payable	1,88,000
Accounts receivable	2,60,000	Drawings (1,000 × 12)	12,000
		Other expenses	40,000
		Loan	3,500
		Balance (closing cash balance)	41,500
	<u>2,85,000</u>		<u>2,85,000</u>

### 2. Calculation of credit sales :

#### Accounts Receivable

Account Titles	Tk.	Account Titles	Tk.
Balance b/d	25,000	Cash received	2,60,000
Credit sales (b/f)	2,75,000	Balance c/d	40,000
	<u>3,00,000</u>		<u>3,00,000</u>

### 3. Calculation of credit purchase :

#### Accounts Payable

Account Titles	Tk.	Account Titles	Tk.
Cash paid	1,88,000	Balance b/d	18,000
Balance c/d	30,000	Credit purchase (b/f)	2,00,000
	<u>2,18,000</u>		<u>2,18,000</u>

**Janata Traders**  
**Income Statement**  
For the year ended 31 December, 2020

	Tk.	Tk.
Sales .....		2,75,000
<b>Costs of Goods Sold :</b>		
Opening inventories .....	75,000	
Purchases .....	2,00,000	
	2,75,000	
(-) Closing inventories .....	80,000	1,95,000
Gross profit .....		80,000
<b>Operating expenses :</b>		
Other expenses .....	40,000	
Depreciation expenses .....	5,000	45,000
Net Income		<u>35,000</u>

**Janata Traders**  
**Balance Sheet**  
As at 31 December, 2020

<b>Assets:</b>	Tk.	Tk.
Cash in hand .....		41,500
Accounts receivable .....		40,000
Ending inventories .....		80,000
Fixed Assets .....	50,000	
(-) Accumulated depreciation .....	5,000	45,000
Total Assets .....		<u>2,06,500</u>
<b>Liabilities &amp; Equity :</b>		
Accounts payable .....		30,000
Loan .....		3,500
Capital .....	1,50,000	
(+) Net income .....	35,000	
	1,85,000	
(-) Drawings .....	12,000	1,73,000
Total Liabilities & Equity .....		<u>2,06,500</u>

**Example -5:** Mr. Akash did not keep proper books of accounts. However, he gives you the following information relating to the year 2020.

	<u>1 January, 2020</u>	<u>31 December, 2020</u>
	(Tk.)	(Tk.)
Cash in hand .....	2,000	2,800
Inventories .....	20,000	19,500
Accounts receivable .....	15,000	16,000
Machineries .....	40,000	-
Accounts payable .....	20,000	18,500

**Summary of Cash Transactions**

<b>Receipts</b>	<b>Tk.</b>	<b>Payments</b>	<b>Tk.</b>
Balance (opening)	2,000	Payment to accounts payable	35,000
Received from accounts receivable	76,500	Wages expense	15,000
Sales of old papers	200	Salaries expense	11,600
10% loan from Mrs. Hasib (01.07.20)	6,000	Building purchased	20,000
Cash sales	8,200	Drawings	8,500
		Balance (closing)	2,800
	<u>92,900</u>		<u>92,900</u>

During the year, Tk. 500 was written off as bad debts. Machineries were depreciated at 12% p.a. Salaries expense owing was Tk. 800. You are required to prepare:

- An Income Statement for the year ended 31 December, 2020
- A Balance Sheet as on that date.

**Solution:****Workings:****1. To find out credit sales:****Accounts Receivable**

<b>Accounts Title</b>	<b>Tk.</b>	<b>Accounts Title</b>	<b>Tk.</b>
Balance b/d	15,000	Cash received	76,500
Credit Sales (b/f)	77,500	Balance c/d	16,000
	<u>92,500</u>		<u>92,500</u>

**2. To find out credit purchase:****Accounts Payable**

<b>Accounts Title</b>	<b>Tk.</b>	<b>Accounts Title</b>	<b>Tk.</b>
Cash paid	35,000	Balance b/d	20,000
Balance c/d	18,500	Credit purchases (b/f)	33,500
	<u>53,500</u>		<u>53,500</u>

**3. Calculation of opening capital:****Opening Balance Sheet**

<b>Assets</b>	<b>Tk.</b>	<b>Liabilities</b>	<b>Tk.</b>
Cash	2,000	Accounts payable	20,000
Inventories	20,000	Capital (b/f)	57,000
Accounts Receivable	15,000		
Machineries	40,000		
	<u>77,000</u>		<u>77,000</u>

**Mr. Akash****Income Statement****For the year ended 31 December, 2020**

	<b>Tk.</b>	<b>Tk.</b>
Sales (77,500+8,200) .....		85,700
(-) Costs of Goods Sold :		
Opening Inventories .....	20,000	
Purchases .....	33,500	
(+) Wages expense .....	15,000	
	68,500	
(-) Closing inventories .....	19,500	49,000
<b>Gross Profit</b> .....		<b>36,700</b>

<b>Operating Expenses :</b>		
Salaries expense (11,600+800) .....	12,400	
Bad debts expenses .....	500	
Depreciation on machineries.....	4,800	17,700
<b>Operating Income .....</b>		19,000
(+) Other income .....		200
Sale of old papers .....		19,200
<b>(-) Other expenses :</b>		
Interest expenses .....		300
<b>Net Income .....</b>		<u>18,900</u>

**Mr. Akash**  
**Balance Sheet**  
**As at 31 December, 2020**

<u>Assets</u>	Tk.	Tk.
<b>Current Assets:</b>		
Cash in hand .....	2,800	
Accounts receivable ..... 16,000		
(-) Bad debts ..... <u>500</u>	15,500	
Ending inventories .....	19,500	
<b>Total Current Assets .....</b>		37,800
<b>Plant Assets :</b>		
Machineries ..... 40,000		
(-) Accumulated Depreciation ..... <u>4,800</u>	35,200	
Buildings .....	20,000	
<b>Total Plant Assets .....</b>		55,200
<b>Total Assets .....</b>		<u>93,000</u>
<b>Liabilities &amp; Owner's Equity :</b>		
<b>Current Liabilities :</b>		
Accounts payable .....	18,500	
Salaries payable .....	800	
10 % Loan .....	6,000	
Interest payable .....	300	
<b>Total Current liabilities</b>		25,600
<b>Owner's Equity</b>		
Capital .....	57,000	
(+) Net income .....	18,900	
	75,900	
(-) Drawings .....	8,500	67,400
<b>Total Liabilities &amp; Owner's Equity .....</b>		<u>93,000</u>



**সারসংক্ষেপ :**

খাঁটি একতরফা দাখিলা পদ্ধতিতে Statement of Profit & Loss এবং Statement of Affairs প্রস্তুত করে যথাক্রমে নিট লাভ বা ক্ষতি এবং প্রতিষ্ঠানের সম্পত্তি ও দায়ের অবস্থা জানা যায়। আবার, একতরফা পদ্ধতিকে দু'তরফায় রূপান্তরের মাধ্যমেও Income Statement প্রস্তুত করে নিট লাভ বা ক্ষতি এবং Balance Sheet প্রস্তুত করে প্রতিষ্ঠানের সম্পত্তি ও দায়ের সার্বিক অবস্থা জানা যায়।



## ইউনিট মূল্যায়ন

- ১। একতরফা দাখিলা পদ্ধতি বলতে কী বোঝেন? একতরফা দাখিলা পদ্ধতির প্রয়োগক্ষেত্র বর্ণনা করুন।  
What do you mean by Single Entry System? Describe the fields of Single Entry System.
- ২। একতরফা দাখিলা পদ্ধতির সীমাবদ্ধতাসমূহ উল্লেখ করুন।  
Mention the limitations of Single Entry System.
- ৩। একতরফা দাখিলা পদ্ধতিতে আপনি কীভাবে লাভ-লোকসান নির্ণয় করবেন?  
How would you determine the Profit & Loss under Single Entry System?
- ৪। একতরফা পদ্ধতিকে দু'তরফা দাখিলা পদ্ধতিতে রূপান্তরের নিয়ম বর্ণনা করুন।  
Describe the rules for conversion of the Single Entry System in to the Double Entry System.
- ৫। Akbar keeps his books under single entry system. Form the following information you are required to prepare a Statement of Profit and Loss for the year ended 31 December, 2020 and a Statement of Affairs on that date:

	<u>1 January, 2020</u>	<u>31 December 2020</u>
Cash in hand .....	4,500	10,000
Bank balance .....	5,000	7,500 (Cr.)
Notes payable .....	2,800	2,200
Accounts receivable .....	8,000	27,000
Inventories .....	7,000	22,000
Accounts payable .....	10,000	12,000
Notes receivable .....	1,500	1,000
Furniture .....	6,000	6,000
Buildings .....	20,000	-

During the year, Mr. Akbar withdrew 12,000. From this amount Tk. 3,000 were spent by him for purchasing a Motor van for the business. But, in December, due to difficulty for collecting the money from customers, he introduced Tk. 5,000 as additional capital. Tk. 1,000 is irrecoverable and maintains 5% allowance for bad & doubtful debts on remaining accounts receivable. Depreciation charged on buildings @ 4% and on furniture @ 5%.

- ৬। Miss Ratna keeps her books of accounts under Single Entry System. On 31 December, 2020, her assets and liabilities were as follows:

<b>Assets</b>	<b>Taka</b>	<b>Liabilities</b>	<b>Taka</b>
Cash	10,000	Accounts payable	8,000
Notes receivable	6,000	Notes payable	11,000
Stock	11,000	Bank overdrafts	5,000
Accounts receivable	29,000		
Furniture	16,000		
8% Investments (1.3.2020)	12,000		

On 1 January, 2020 Miss Ratna's capital was Tk. 32,000. She withdrew Tk. 700 per month throughout the year and had taken goods worth Tk. 2,000 from business for her personal use. She decided to depreciate furniture @ 5% and to create a provision for bad & doubtful debts @ 5% on accounts receivable and to allow interest @ 7% p.a. on capital. You are required to prepare a Statement of Profit and Loss for the year ended 31 December, 2020 and a Statement of Affairs as on that date.

9 | The Balance Sheet of Mortoza Traders as on 1<sup>st</sup> January, 2020 was as follows:

Assets	Tk.	Liabilities	Tk.
Fixed Assets	40,000	Capital	1,52,000
Inventory	65,000	Loan	12,000
Accounts Receivable	35,000	Accounts Payable	16,000
Cash	40,000		
	<u>1,80,000</u>		<u>1,80,000</u>

You are given the following further information:

- During 2020, payment to Accounts Payable was Tk. 1,80,000
- During 2020, received from Accounts receivable was Tk. 2,50,000
- Proprietor withdrew Tk. 1,500 every month in cash.
- In 2020 other expense incurred in cash Tk. 35,000.
- 5% depreciation is to be charged on fixed assets.
- Accounts receivable and Accounts Payable as at 31 December, 2020 were 40,000 and Tk. 30,000 respectively.
- Half of the loan was repaid during the year.

You are asked to prepare Income Statement for the year ended 31 Dec 2020 and a Balance Sheet as on that date.

10 | Mr. Kamal did not keep proper books of accounts. However He gives you the following information relating to 2020:

	1 January, 20	31 December, 20
	(Tk.)	(Tk.)
Cash in hand .....	4,000	10,000
Inventory .....	20,000	19,500
Accounts receivable .....	15,000	16,000
Machinery .....	40,000	-
Accounts payable .....	22,000	18,000

#### Summary of Cash Transaction

Receipts	Tk.	Payments	Tk.
Balance (Opening)	2,000	Payment to Accounts Payable	30,000
Received from Accounts Receivable	76,000	Wages expense	15,000
Sales of old papers	200	Salaries expense	19,200
10% loan from Mrs. Kamal (01.07.2020)	6,000	Drawings	8,000
Cash Sales	8,000	Balance (Closing)	20,000
	<u>92,200</u>		<u>92,200</u>

During the year Tk. 500 had to be written off as bad debts. Machinery is to be depreciated at 10% p.a. Salaries expense unpaid are Tk. 500. You are asked to prepare:

- An Income Statement for the year ended December 31, 2020
- A Balance Sheet as on that date